

🗏 আল-মুরসালাত | Al-Mursalat | ٱلْمُرْسَلَات

আয়াতঃ ৭৭: ৪৬

আরবি মূল আয়াত:

كُلُوا وَ تَمَتَّعُوا قَلِيلًا إِنَّكُم مُّجرِمُونَ ﴿ ٢٤﴾

🗚 আনুবাদসমূহ:

(হে কাফিররা!) তোমরা আহার কর এবং ভোগ কর ক্ষণকাল; নিশ্চয় তোমরা অপরাধী। — আল-বায়ান (ওহে সত্য প্রত্যাখ্যানকারীরা!) তোমরা অল্প কিছুকাল খেয়ে নাও আর ভোগ করে নাও, তোমরা তো অপরাধী। — তাইসিরুল

তোমরা পানাহার কর এবং ভোগ করে লও অল্প কিছদিন, তোমরাতো অপরাধী। — মজিবর রহমান

[O disbelievers], eat and enjoy yourselves a little; indeed, you are criminals.

— Sahih International

৪৬. তোমরা খাও এবং ভোগ করে নাও অল্প কিছুদিন, তোমরা তো অপরাধী।(১)

(১) অর্থাৎ কিছুদিন খেয়ে-দেয়ে নাও এবং আরাম করে নাও। তোমরা তো অপরাধী; অবশেষে কঠোর আযাব ভোগ করতে হবে। নবী-রাসূলগণের মাধ্যমে একথা দুনিয়াতে মিথ্যারোপকারীদেরকে বলা হয়েছে। উদ্দেশ্য এই যে, ক্ষণস্থায়ী আরাম-আয়েশের পর তোমাদের কপালে আযাবই আযাব রয়েছে। [দেখুন: সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৪৬) তোমরা অল্প কিছুদিন পানাহার ও ভোগ করে নাও; তোমরা তো অপরাধী। [1]

[1] এ সম্বোধন কিয়ামতের অবিশ্বাসীদেরকে করা হয়েছে। আর এ আদেশ ধমক ও তিরস্কার স্বরূপ। অর্থাৎ, ঠিক আছে কয়েক দিন খুব মজা করে নাও। তোমাদের মত পাপীদের জন্য শান্তির যাঁতাকল প্রস্তুত হয়ে আছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5668

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন